

**REGIONAL NEWS UNIT**  
**ALL INDIA RADIO, AGARTALA**  
**Date:03-10-2024**  
**Time: 07.35-07.40 AM Hrs**  
**BENGALI MORNING BULLETIN**

**PM-JANMAN :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল ঝাড়খণ্ডের হাজারিবাগে ৮৩হাজার৩০০ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করেন। প্রকল্পগুলির মধ্যে রয়েছে ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান, যার মোট ব্যয় ৭৯,১৫০কোটি টাকারও বেশি এবং প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযানের অধীনে একাধিক প্রকল্প। প্রধানমন্ত্রী ৪০টি একলব্য স্কুলের উদ্বোধন ও ২৫টি একলব্য স্কুলের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। হাজারীবাগের বিনোবা ভাবে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে. এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন যে একাধিক প্রকল্প উপজাতীয় সম্প্রদায়ের ক্ষমতায়ন এবং রাজ্য জুড়ে গ্রামীণ পরিকাঠামো উন্নত করার প্রচেষ্টাকে উল্লেখযোগ্যভাবে বাড়িয়ে তুলবে। শ্রী মোদী বলেন, দেশের আদিবাসী সম্প্রদায়ের উন্নয়ন ও ক্ষমতায়ন ছাড়া উন্নত ভারতের স্বপ্ন পূরণ হতে পারে না এবং আদিবাসী কল্যাণ সরকারের কার্যসূচীর শীর্ষে রয়েছে। উল্লেখ্য, প্রধানমন্ত্রী গতকাল এই অনুষ্ঠান থেকে ঊনকোটি জেলার পৈঁচারখল ব্লকের অন্তর্গত পি.এমশ্রী কৃষ্ণাটীলা মাধ্যমিক বিদ্যালয় সংলগ্ন এলাকায় ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে ১০০ আসন বিশিষ্ট জনজাতি ছাত্রী নিবাসেরও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। PM-JANMAN এর অর্থ ব্যয়ে এটি গড়ে উঠবে।

\*\*\*\*\*

**Governor, Mizoram:**

ত্রিপুরার রাজ্যপাল ও মিজোরামের ভারপ্রাপ্ত রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু গতকাল আইজলে গান্ধী জয়ন্তীতে পুষ্পস্তবক অর্পণ

করে বাপুজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। পাচুঙ্গা ইউনিভার্সিটি কলেজে আয়োজিত অনুষ্ঠানে মিজোরাম বিধানসভার অধ্যক্ষ লালবিয়াকজামা, উপাধ্যক্ষ লালফামকিমা, মন্ত্রীসভার সদস্য, মুখ্য সচিব ডঃ রেণু শর্মা সহ অন্যান্যরা গান্ধীজীর প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। এছাড়াও স্বচ্ছ ভারত দিবস উপলক্ষে রাজ্যপাল ও বিশিষ্ট ব্যক্তিবর্গ শ্রমদানে অংশগ্রহণ করেন। শিক্ষক এবং ছাত্ররা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে পরিচ্ছন্নতা অভিযানে অংশ গ্রহণ করেন।

\*\*\*\*\*

#### **CM-Swaccha Bharat :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, স্বচ্ছ পরিবেশ বজায় রাখতে স্বচ্ছ মানসিকতা নিয়ে কাজ করতে হবে। স্বচ্ছতা এক ধারাবাহিক প্রক্রিয়া। গতকাল আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে আয়োজিত রাজ্যভিত্তিক স্বচ্ছতা হি সেবা অভিযান ২০২৪-র সমাপ্তি অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রতিদিনের জীবনযাপনে স্বচ্ছতার অভ্যাস গড়ে তোলা প্রয়োজন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী স্বচ্ছ স্ট্রিট ফুড উদ্যোগ হিসেবে শিশু উদ্যান পরিসরে ভেন্ডিং জোনেরও উদ্বোধন করেন। । অনুষ্ঠানে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, অনুষ্ঠানে রাজ্যে স্বচ্ছতার দূত পদ্মশ্রী জিমন্যাস্ট দীপা কর্মকার পূর্ত দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে বক্তব্য রাখেন । স্বাগত ভাষণ দেন শহুরে স্বচ্ছ ভারত মিশনের মিশন ডিরেক্টর রজত পন্থ।

\*\*\*\*\*

#### **Tripura sundari festival :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডঃ মানিক সাহা বলেছেন, ভক্তি, পরম্পরা ও সনাতনীদেবতার আস্থার পীঠস্থান উদয়পুরের ত্রিপুরাসুন্দরী মায়ের মন্দির। ধর্মীয় পর্যটন কেন্দ্রগুলির মধ্যে অন্যতম হচ্ছে এই মন্দির। গতকাল উদয়পুরের মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির প্রাঙ্গণে ত্রিপুরাসুন্দরী উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। উদ্বোধনী অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার মাতা

ত্রিপুরাসুন্দরী মন্দিরকে ঢেলে সাজিয়ে তোলার জন্য প্রসাদ প্রকল্পে ৩৭ কোটি টাকারও বেশি আর্থিক সহায়তা দিয়েছে। ত্রিপুরা সরকারও আর্থিক সহায়তার হাত বাড়িয়ে দিয়েছে। তিনি বলেন, নতুন রূপে সেজে উঠলে মাতাবাড়ি সহ সংশ্লিষ্ট এলাকার মানুষের ব্যবসা বাণিজ্য বৃদ্ধি পাবে ও নতুন রোজগারের পথ সৃষ্টি হবে। অনুষ্ঠানে স্বাগত ভাষণ দেন গোমতী জেলার জেলাশাসক তড়িৎ কান্তি চাকমা। উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায়, বিধায়ক রামপদ জমাতিয়া, বিধায়ক জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সহকারি সভাপতি সুজন কুমার সেন, মাতাবাড়ি পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শিল্পী দাস, রাজ্যভিত্তিক সাংস্কৃতিক উপদেষ্টা কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী, পুলিশ সুপার রতি রঞ্জন দেবনাথ প্রমুখ। সভাপতিত্ব করেন বিধায়ক অভিষেক দেবরায়।

\*\*\*\*\*

**Sp1. Gram Sabha :**

গান্ধীর জন্মজয়ন্তী উপলক্ষে গতকাল ঊনকোটি জেলার ফটিকরায়ে নজরুল কলাকেন্দ্রে এক "বিশেষ গ্রামসভা" অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, প্রাণীসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস। গ্রামীণ উন্নয়ন ও জনগণের চাহিদা মত গ্রামীণ উন্নয়নে গৃহীত পদক্ষেপ নিয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। সভায় উপস্থিত ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাশ, কুমারঘাটের মহকুমা শাসক এন.এস.চাকমা, বি,ডি,ও ডক্টর সুদীপ ভৌমিক প্রমুখ। এই বিশেষ গ্রামসভা উপলক্ষে বিভিন্ন দপ্তরের স্টল খোলা হয়। মন্ত্রী সুধাংশু দাস জানান, মহাত্মা গান্ধীর গ্রাম স্বরাজের ভাবনা অনুযায়ী এধরনের বিশেষ গ্রামসভার আয়োজন করা হয়।

\*\*\*\*\*

### **Gram sabha-Khayerpur & South Tripura :**

পুরাতন আগরতলা আর ডি ব্লকের অন্তর্গত দলুরা গ্রাম পঞ্চায়েতের উদ্যোগে গতকাল খয়েরপুরের গীতবিতান হলে এক বিশেষ গ্রাম সভায় প্রবীণ নাগরিকদের সংবর্ধনা জ্ঞাপন সহ কচিকাঁচাদের মধ্যে অঙ্কন প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন বিধায়ক রতন চক্রবর্তী।

গতকাল দক্ষিণ জেলার ১০০টি গ্রাম পঞ্চায়েত ও ৭০টি এডিসি ভিলেজে বিশেষ গ্রামসভা অনুষ্ঠিত হয়। জেলার ভারতচন্দ্র নগর ব্লকের পাইখোলা গ্রাম পঞ্চায়েতের বিশেষ গ্রাম সভায় আগরতলার পঞ্চায়েতিরাজ প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণরত ৫০ জন পঞ্চায়েত এক্সিকিউটিভ অফিসার ও ভারতচন্দ্র নগর পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন পুতুল পাল বিশ্বাস উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*

### **Gram Sabha-Sepahijala, West :**

গান্ধী জন্মজয়ন্তী উপলক্ষে গতকাল সিপাহীজলা জেলার সমস্ত গ্রাম পঞ্চায়েত এলাকায় বিশেষ গ্রাম সভা অনুষ্ঠিত হয়। মোহনভোগ ব্লকের অন্তর্গত মোহনভোগ গ্রাম পঞ্চায়েতের গ্রাম সভায় এলাকার ৫ জন প্রবীণ নাগরিককে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিধায়ক বিন্দু দেবনাথ ও মোহনভোগ পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন শ্রীবাস ভৌমিক।

গতকাল বামুটিয়া ব্লকের অন্তর্গত সবকটি পঞ্চায়েতকে নিয়ে বিশেষ গ্রামসভা অনুষ্ঠিত হয়। গান্ধীগ্রামের বৈদ্যনাথ মজুমদার অডিটরিয়ামে এই সভায় গ্রাম প্রধান, পঞ্চায়েত সদস্যরা অংশ নেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম জিলা পরিষদের সভাপতি বলাই গোস্বামী গ্রামোন্নয়ন দপ্তরের প্রধান সচিব ডঃ সন্দীপ রাঠোর, পশ্চিম জেলার অতিরিক্ত জেলা শাসক মেঘা জৈন প্রমুখ। বিশেষ গ্রামসভা উপলক্ষ্যে চিকিৎসা শিবিরের

আয়োজন করা হয়। অডিটরিয়াম চত্বরে প্রানীসম্পদ বিকাশ দপ্তর, মৎস্য দপ্তর ও টিআরএলএমের পক্ষ থেকে স্টল দেওয়া হয়। তাছাড়া অতিথিরা এলাকায় বৃক্ষরোপণ করেন।

\*\*\*\*\*

#### **Gandhi Jayanti-Sepahijala & South :**

মেলাঘর পুর পরিষদের উদ্যোগে পক্ষকালব্যাপী স্বচ্ছতা ই সেবা কার্যক্রমের সমাপ্তি অনুষ্ঠানে গতকাল মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক কিশোর বর্মণ, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল প্রমুখ ।

\*\*\*\*\*

#### **চন্দ্র স্মৃতি লিগ:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন ফুটবল প্রতিযোগিতায় সুপার লিগের তৃতীয় তথা শেষ রাউন্ডের দুটি খেলা আজ হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল সাড়ে তিনটায় ব্লাডমাউথ ক্লাব ও লালবাহাদুর ব্যায়ামাগার এবং সন্ধ্যা সোয়া ৬টায় রামকৃষ্ণ ক্লাব ও এগিয়ে চলো সংঘ পরস্পরের মুখোমুখি হবে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দু এক জায়গায় বজ্রবিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি পর্যায়ের বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামী ২৪ ঘন্টায় সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে । গতকালের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৪ ডিগ্রী সেলসিয়াস । আজ সকালের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪ ডিগ্রী সেলসিয়াস ।

\* \* \* \* \*

\* \* \* \* \*